# দেবহাটা উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-০৮/২০২২)

www.debhata.satkhira.gov.bd

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আলহাজ্ব মোঃ মুজিবর রহমান<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা। |
| তারিখ | : | ১৪ আগস্ট ২০২২, রবিবার |
| সময় | : | বেলা ০২:০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দেবহাটা। |

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান এবং দিনের কর্মসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জুলাই/২০২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদনের জন্য প্রস্তাব রাখা হয়। | জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা । |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ বিধিমোতাবেক নিয়মিতভাবে সভা আহ্বান করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য সচিবগণ এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | **উপজেলা প্রকৌশল দপ্তর** | | | |
| | এডিপি/২০২১-২২ এর স্কীম সংশোধনী | পারুলিয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, প্যাকেজ নং এরডিপি/দেব/২০২১-২২/০৩ এর আওতায় খেজুরবাড়িয়া গরুকাটা বাবুর বাড়ি হতে পশ্চিমগামী সিরাজুলের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরণ স্কীমটি ব্যক্তি মালিকানা সম্পত্তির উপর হওয়ায় উহার পরিবর্তে একই বরাদ্দে খেজুরবাড়িয়া ফিরোজের বাড়ি হতে মনিরুল ডাক্তারের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরণের কাজ করানো হয়েছিল। বিষয়টি ঐ সময়ে সভায় ভুলবশতঃ উপস্থাপন করা হয় নাই। বর্তমান পরিবর্তিত স্কীমটির কর্মোত্তর অনুমোদন প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে খেজুরবাড়িয়া গরুকাটা বাবুর বাড়ি হতে পশ্চিমগামী সিরাজুলের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরণের পরিবর্তে খেজুরবাড়িয়া ফিরোজের বাড়ি হতে মনিরুল ডাক্তারের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরণ কাজটি কর্মোত্তর অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, উপজেলা প্রকৌশলী এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | এলজিইডি'র আওতায় নতুন রোড অন্তর্ভুক্ত করণ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয়ের পত্রের স্মারক নং-৪৬.০২.০০০০.২০২.৯৯.০০১.২০.১৫৫১ তারিখ ১৭/০৭/২০২২ খ্রিঃ মূলে এলজিইডি'র রোড ইনভেন্টরীতে নতুন সড়ক অন্তর্ভূক্ত করণের জন্য নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক সকল ইউনিয়ন চেয়ারম্যান সাহেবের সাথে Management মিটিং ও পত্র প্রদান করা হয়। ইউপি চেয়ারম্যানগণ রোড ইনভেন্টরীতে নতুন সড়ক অন্তর্ভূক্ত করার জন্য সুপারিশ পত্র প্রেরণ করেন। সুপারিশের আলোকে সরেজমিনে সাইট পরিদর্শন করতঃ রোড ইনভেন্টরীতে নতুন সড়ক অন্তর্ভূক্ত করণে পূর্বক তালিকা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক উক্ত তালিকা সভায় পড়ে শোনান। উল্লিখিত নতুন সড়ক রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করণের জন্য সকলের মতামত প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপনকৃত সড়কগুলো (তালিকা সংযুক্ত) রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তকরণের জন্য সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে সুপারিশসহ প্রেরনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা- খাদ্যশস্য/নগদ অর্থ) কর্মসূচীর আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে প্রতি নির্বাচনী এলাকায় ৯৪,৫৭,৪৯২/৬৯ টাকা, প্রতি নির্বাচনী এলাকায় খাদ্যশস্য ৬৩.০৪৯ মেঃটন চাল ও প্রতি নির্বাচনী এলাকায় খাদ্যশস্য | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৬৩.০৪৯ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। দেবহাটা উপজেলায় প্রকল্পের অনুকূলে বিভাজিত টাকা ও খাদ্যশস্য এর তালিকা মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট হতে পাওয়া যায়নি। বরাদ্দের অনুকূলে প্রকল্প তালিকা প্রাপ্তি স্বাপেক্ষে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।<br>২। ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে প্রতি নির্বাচনী এলাকায় ৮৬,১৯,৩৩৩/৩৩ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং দেবহাটা উপজেলায় প্রকল্পের অনুকূলে বিভাজিত টাকা এর তালিকা মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট হতে পাওয়া যায়নি। বরাদ্দের অনুকূলে প্রাপ্তি স্বাপেক্ষে প্রকল্প তালিকা প্রেরণ করা যেতে পারে।<br>০৩। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামনী অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম পর্যায়ে ৩০,১৫,৮৩২/৯৫ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং দেবহাটা উপজেলায় প্রকল্পের অনুকূলে বিভাজিত টাকা অনুযায়ী প্রকল্প তালিকা প্রেরণের জন্য চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৬ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবহাটা। |
| ০৭ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মৌসুমে ২৫০ হেক্টর জমিতে আমন বীজতলা সম্পন্ন হয়েছে। এ বছরে আমন মৌসুমে আবাদ লক্ষ্যমাত্রা ৫৫৭০ হেক্টর। এর মধ্যে ২০৫০ হেঃ উফসী জাতের ধান রোপন সম্পন্ন হয়েছে। চলতি মৌসুমে ৫০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে জন প্রতি ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়েছে।<br>খরিপ-২ মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৪০ হেক্টর সবজী আবাদ সম্পন্ন হয়েছে। বসতবাড়ি ও বাড়ির আশেপাশে এবং ঘেরের আইলে সবজী আবাদ বৃদ্ধি করার জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। বিষমুক্ত সবজী ও ফল উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহারের পরামর্শ দেয়া হচ্ছে।<br>অত্র উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া ৬৫ মেঃটন, টিএসপি ২৪ মেঃ টন, ডিএপি ৩৫ মেঃ টন, এমওপি ২২ মেঃটন, এনপিকে ০৪ মেঃ টন, জিপসাম ১৫ মেঃ টন, দস্তা ১৫ মেঃ টন মজুদ রয়েছে। সার ও বীজ ন্যায্যমূল্য নিশ্চিত করতে সারের গুদাম পরিদর্শন ও মনিটরিং চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, দেবহাটা। |
| ০৮ | উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দেবহাটা উপজেলার কুলিয়া বাজারে ও পারুলিয়া মাছ বাজারে ফরমালিনের উপস্থিতি সনাক্তকরণের জন্য ফরমালিন পরীক্ষা করা হয়। পরীক্ষায় ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি।<br>গত ২৩ জুলাই থেকে ২৯ জুলাই/২২ খ্রিঃ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ/২০২২ যথাযথ মর্যাদায় উদযাপিত হয়। এ সময় মৎস্য সপ্তাহ/২০২২ উপলক্ষ্যে উপজেলা পরিষদ পুকুরে ২০ কেজি পোনা অবমুক্ত করা হয় এবং সমগ্র উপজেলা ব্যাচি চিংড়ি ঘেরে পানি সরবরাহকারী বিভিন্ন খালে অবৈধ নেট-পাটা উচ্ছেদের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার এর নেতৃত্বে এবং সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার উপস্থিতিতে গাজীরহাট বাজারে ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্টে ৯০ কেজি পুশকৃত চিংড়ি বিনষ্ট করা হয়।<br>বিগত মাসে মাটি ও পানি পরীক্ষা করে (মাটির $P^H$ এবং পানির $P^H$, অক্সিজেন, লবণাক্ততা, $NH_3$, তাপমাত্রা ও | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হার্ডনেস) ২০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | কার্যপত্র পাওয়া যায়নি। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১০ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, নিরাপদ প্রাণিজ আমিষ যথা দুধ, ডিম ও মাংসের চাহিদা পূরণের নিমিত্তে প্রাণিসম্পদ বিভাগীয় কার্যক্রম চলমান আছে। চলতি মাসে ১৪৮০টি প্রাণি, ১১৩১২ টি হাঁস মুরগি এবং ০২টি পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ২৯৯৪টি প্রাণি ও ২৬০০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান এবং ৪৩০টি গাভীকে কৃত্রিম প্রজনন এর মাধ্যমে জাত উন্নয়ন করা হয়েছে যা মাংস উৎপাদনে ভূমিকা রাখবে। চলতি মাসে ১৬২টি উন্নত জাতের বাছুর এবং ১ একর ৭৫ শতাংশ জমিতে উন্নত জাতের ঘাস উৎপাদিত হয়েছে।<br>এছাড়া গবাদি পশু-পাখির ২টি ডিজিস সার্ভিলেন্স, ৬টি উঠান বৈঠক, ৯টি খামার পরিদর্শন করা হয়েছে। ৪১ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দেবহাটা। |
| ১১ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে সকল ভাতা কার্যক্রম তালিকায় প্রতিস্থাপন কার্যক্রম চলমান আছে। এছাড়া উপজেলা রোগী কল্যাণ সমিতির অর্থ খরচ সংক্রান্ত নতুন নির্দেশনাগুলো আলোচনা করেন। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দেবহাটা। |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডেটাবেজ প্রণয়নের নিমিত্ত শিক্ষার্থীদের তথ্যফরম পূরনের কাজ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ৭৫% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ চলমান রয়েছে।<br>২। মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট সংশোধনের কাজ চলমান রয়েছে।<br>৩। উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ নতুন ভর্তিকৃত ৬ষ্ঠ শ্রেণি এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণি উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীর নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে।<br>৪। এস.এস.সি / দাখিল / ভোকেশনাল পরীক্ষা/২০২২ এর সকল পরীক্ষা গ্রহণ সংক্রান্ত প্রস্তুতির কাজ সম্পন্ন হয়েছে।<br>৫। ১৫ই আগষ্ট ২০২২ জাতীয় শোকবিদবস উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তিসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দেবহাটা। |
| ১৩ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ৫-১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের লক্ষে সুরক্ষা ওয়েব পোর্টাল/এ্যাপের শিশুদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে।<br>২। শিখন ঘাটতি চিহ্নিত করার এবং প্রয়োজনীয় নিরাময় দেওয়ার জন্য সাপ্তাহিক মূল্যায়ন চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ চক্রের জুলাই/২২ মাসে খাদ্যশস্যের বরাদ্দ না থাকায় খাদ্য শস্য বিতরণ করা সম্ভব হয়নি। সরকারের সহযোগি এনজিও কর্তৃক উপকারভোগীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ০৩টি প্রশিক্ষণ মনিটরিং করা হয়েছে।<br>উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও ক্রিস্টাল শো- | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পিচ+ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডের ১৬ ও ১৭ তম ব্যাচের ৫০+৫০=১০০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ ০১ জুলাই ২০২২ থেকে শুরু হয়ে যথারীতি চলছে। এছাড়া কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ০৫টি ক্লাবের ক্লাস চলছে। ক্ষুদ্রঋণ আদায় যথাযথভাবে চলছে। আদায়ের হার ১০০%। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। | | |
| ১৫ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কার্যপত্র পাওয়া যায়নি। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় কর্মকর্তা, দেবহাটা |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদানের লক্ষ্যমাত্রা ১৪টি ব্যাচে ৩০ জন করে মোট ৪২০ জন। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩,০০,০০০/- টাকা। জাতীয় শোক দিবসে ১৮ জনকে ৮,০০,০০০/- টাকা বিতরণ করা হবে। উক্ত ঋণ নির্ধারিত কমিটির মাধ্যমে পাশ করা হয়েছে। আত্মকর্মসংস্থান কর্মসুচি আদায়যোগ্য ঋণের পরিমাণ ১,৫৫,৮০০/- টাকা, আদায়কৃত ১,৪৫,৭০০/- টাকা। আদায়ের হার ৯৪%। খেলাপী ১০,১০০/- টাকা। এছাড়া দাপ্তররিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৭ | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা সভায় জানান যে, উপজেলা নার্সারী কেন্দ্রে মজুদ চারার পরিচর্যাসহ বিভিন্নস্থানে সৃজিত বাগানের গাছ উপকারভোগী সদস্যদের মাধ্যমে রক্ষনাবেক্ষন কাজ চলছে। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য ফরেস্টার সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা কে অনুরোধ করা হয়। | ফরেস্টার সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা। |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে উপজেলার প্রতিটি ইউনিয়নে ২৬টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। যার স্থান তালিকা পরিপত্রের আলোকে সংগ্রহ করা হবে।<br>PEDP-4 প্রকল্পের ৫টি ও NNGPS প্রকল্পের ৩টি এবং GPS প্রকল্পের আওতায় ১টি ওয়াশ ব্লকের ৮৫% কাজ অগ্রগতি হয়েছে। মুজিব বর্ষের ঘরে পানির উৎস স্থাপনের কাজ ৭০% অগ্রগতি হয়েছে। অফিস বিল্ডিং এর কাজের ৯০% অগ্রগতি হয়েছে। এছাড়া দাপ্তররিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রন কর্মকর্তা সভায় জানান যে, পারুলিয়া সরকারি খাদ্য গুদামে ৭৩০.০০০ মেঃ টন ধান ও ১১০৮.০০০ মেঃ টন চাল এবং ০.৪৩৫ মেঃ টন গম মজুদ আছে। তার মধ্যে ৭৩০.০০০ মেঃটন বোরো ধান ও ৪৭৬.১২০ মেঃ টন বোরো চাল সংগ্রহ হয়েছে। মজুদকৃত ধানের মধ্যে ৫০০.০০০ মেঃটন ধান ছাটাইয়ের জন্য মিলে প্রেরণ করা হয়েছে। এছাড়া বোরো ধান ও চাল সংগ্রহ চলমান রয়েছে। বিভিন্ন খাতে খাদ্য শস্য বিলিবিতরণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটা |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, পরিবেশ সুরক্ষার লক্ষ্যে তালগাছসহ বিভিন্ন প্রকারের গাছ লাগানোর জন্য জনসচেতনতার লক্ষ্যে আলোচনা করা হয়। এছাড়া অত্র সংগঠনের প্রত্যেক সদস্য-সদস্যার নিজ বাড়ির প্রাঙ্গানসহ বিভিন্ন এলাকায় ফলজ, বনজ ও ঔষধি গাছর চারা রোপন করার পরামর্শ দেয়া হয়। এছাড়া বাল্য বিবাহ এবং নারী ও শিশু পাচার রোধে বিভিন্ন এলাকায় জনসচেতনতা মূলক কার্মক্রম চলমান আছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দেবহাটা। |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে সকল প্রকল্পের ঋণের লক্ষ্যমাত্রা ৭২৪.০০ (সাত কোটি চব্বিশ লক্ষ) টাকা। ব্যাংক ঋণ খাতের লক্ষমাত্রা ২৪২ লক্ষ টাকা, নিজস্ব তহবিলের লক্ষ্যমাত্রা ৭২.২৫ লক্ষ টাকা, আবর্তক কৃষি লক্ষ্যমাত্রা ১৩০.০০ লক্ষ টাকা, সদাবিক | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের লক্ষ্যমাত্রা ৬০.০০ লক্ষ টাকা, বীরমুক্তিযোদ্ধা প্রকল্পের লক্ষ্যমাত্রা ১২.০০ লক্ষ টাকা, ইরেসপো প্রকল্পের লক্ষ্যমাত্রা ২০০.০০ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের পরিমাণ ৩৭.৪০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৯%। তিনি আরও জানান যে, পিআরডিপি-৩ এর প্রকল্প হতে নির্ধারিত ২টি ইউনিয়ন পরিষদে বরাদ্দকৃত অর্থে স্কিম মোতাবেক কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া তার দপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ২২ | বিবিধ | **ক) সংস্কার কাজের জন্য বরাদ্দ প্রাপ্তি সংক্রান্ত :**<br>উপজেলা নিবাহী অফিসার সভায় জানান যে, উপজেলা নিবাহী অফিসার এর বাসভবনস্থ অফিস গোলঘর এবং দোতলার খোলা বারান্দায় ছাদ নির্মাণসহ গেজেটেড কোয়ার্টার এর ফ্লোর টাইলসকরণ, উপজেলা লাইব্রেরীর সংস্কার ও অপেক্ষাগার নির্মাণের জন্য ৩১,৬৩,৮৪২/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলন মোতাবেক বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরার প্রস্তাবিত ৩১,৬৩,৮৪২/- টাকার প্রস্তুতকৃত প্রকল্প তালিকা ও প্রাক্কলন বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা এবং উপজেলা প্রকৌশলী, দেবহাটা |
| | | **খ) পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য ঘাস কাটা যন্ত্র ক্রয়ের বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ অভ্যন্তরে বিভিন্ন আগাছা পরিষ্কার করার জন্য একটি আধুনিক ঘাস কাটা যন্ত্র ক্রয় করা হয়েছে। এ বাবদ ভ্যাট, আইটি, পরিবহন সহ মোট ২২,০০০/- টাকা ব্যয় হয়েছে। বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে পরিশোধের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নির্ধারিত খাত হতে বিলটি পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ভ) অনুচ্ছেদে উল্লেখিত পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে বিলটি পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **গ) উপজেলা কনফারেন্স রুম মেরামত বাবদ সালেহা এন্টারপ্রাইজকে প্রদত্ত অর্থ রাজস্ব তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তর প্রসংগে :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অফিস ও বাসাবাড়ি মেরামত খাত হতে উপজেলা কনফারেন্স রুম মেরামতের জন্য ২,০০,০০০/- টাকার একটি প্রকল্প গ্রহণ করা হয়। যার চুক্তি মুল্য ছিল ১,৯৯,৯৮৯/২০ টাকা। RFQ এর মাধ্যমে মেসার্স সালেহা এন্টারপ্রাইজকে কাজ প্রদান করা হয় যার প্যাকেজ নং ছিল ২৯/২১-২২। ঠিকাদার কাজ সমাপ্তির পর বিল দাখিল করলে ভুলক্রমে বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হিসাব নং ২৮০৩২০০০০০৪৪৩ হতে পরিশোধ না করে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হিসাব নং ২৮০৩২০০০০০৮৪৪ হতে পরিশোধ করা হয়েছে। যার চেক নং ছিল ২৯৪১৭৫৬ তাং ২৭/০৬/২২ নীট টাকার পরিমাণ ১,৭৪,২৭০/- টাকা, ভ্যাট ১৪,৯৩৭/- টাকা চেক নং ২৯৪১৭৫৬ তাং ২৭/০৬/২২, আয়কর ৯,৯৫৮/- টাকা চেক নং ২৯৪১৭৫৬ তাং ২৭/০৬/২০২। এমতাবস্থায় মোট ১,৯৯,১৬৫/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা উন্নয়ন তহবিল হিসাবে স্থানান্তরের জন্য অনুরোধ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হিসাব হতে মোট ১,৯৯,১৬৫/- টাকা উপজেলা উন্নয়ন তহবিল হিসাবে স্থানান্তরের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |

অত:পর সভায় আর কোন আলোচানা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২২-　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ১৪.০৮.২০২২ খ্রিঃ।

**<u>অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

০১। অধ্যাপক ডাঃআ.ফ.ম রুহুল হক, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ ও সভাপতি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৬। উপজেলা ..................................................কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
০৭। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দেবহাটা, সাতক্ষীরা।
০৮। জনাব ..................................................................................সদস্য, উপজেলাপরিষদ সাধারণ সভা, দেবহাটা, সাতক্ষীরা।

১৪/৮/২২

এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা।
মোবা: ০১৭৭১-১১২২৪৫
ই-মেইল: unodebhata@mopa.gov.bd